

যুগান্তর

প্রিন্ট: ২৩ জুলাই ২০২৫, ১২:১৭ পিএম

সারাদেশ

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২৩ ও ২৪ জুলাইয়ের পরীক্ষা স্থগিত



গাজীপুর প্রতিনিধি

প্রকাশ: ২২ জুলাই ২০২৫, ১০:৩১ পিএম



ফাইল ছবি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২৩ ও ২৪ জুলাই অনুষ্ঠিতব্য সব পরীক্ষা স্থগিত ঘোষণা করেছে কর্তৃপক্ষ। পরীক্ষাগুলোর পরবর্তী তারিখ যথাসময়ে জানিয়ে দেওয়া হবে বলে জানানো হয়েছে।

মঙ্গলবার রাতে এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তরের ভারপ্রাপ্ত পরিচালক মো. মোস্তাফিজুর রহমান।

ঢাকার উত্তরার দিয়াবাড়িতে মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজে বাংলাদেশ বিমানবাহিনীর একটি প্রশিক্ষণ বিমান দুর্ঘটনায় সারা দেশে শিক্ষার্থীদের মধ্যে শোকের কথা বিবেচনা করে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

জানানো হয়েছে, পূর্বঘোষিত সময়সূচি অনুযায়ী অন্য পরীক্ষাগুলো নির্ধারিত সময় ও তারিখে যথারীতি অনুষ্ঠিত হবে।